

২০২৫

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : DSE-B-1

(দেশভাগ ও বাংলা সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- অথবা
- (খ) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে সোনা চরিত্রটির ভূমিকা বিশ্লেষণ করো। ১০
- ২। (ক) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' গল্পে লেখিকা জ্যোতির্ময়ী দেবীর কলমে দুর্গার জীবনের আতঙ্ক ও অসহায়তার কথা যেভাবে চিত্রিত হয়েছে তা নিজের ভাষায় লেখো। ১০
- অথবা
- (খ) সলিল চৌধুরীর 'ড্রেসিং টেবিল' গল্পটির নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো। ১০
- ৩। (ক) 'পূব-পশ্চিম' কবিতায় পূর্ববাংলা এবং পশ্চিমবাংলার ভিন্ন সংস্কৃতির মধ্যে 'এক সুর এক আকাশের' মেলবন্ধন করেছেন কবি।— আলোচনা করো। ১০
- অথবা
- (খ) সুনীল গঙ্গোপাধ্যায়ের 'ধাত্রী' কবিতায় শরণার্থী জীবনের যন্ত্রণা কীভাবে ভাষারূপ পেয়েছে, তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০
- ৪। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে শামসুদ্দিন চরিত্রটির গুরুত্ব আলোচনা করো। ৫
- অথবা
- (খ) গ্রামজীবনের প্রেক্ষাপটে হিন্দু-মুসলিম সাম্প্রদায়িক সম্প্রীতির যে আবহ 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে চিত্রিত হয়েছে তার যে-কোনো একটি ঘটনার সংক্ষিপ্ত বিবরণ দাও। ৫
- ৫। (ক) প্রফুল্ল রায়ের 'রাজা যায় রাজা আসে' গল্পে রাজেক চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা
- (খ) "একটা ক্লাস্ত অতিপ্রাকৃত আত্মা কোনরকমে ডানা বাপ্টাচ্ছে।"— কোন গল্পের অংশ এটি? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

Please Turn Over

(2216)

৬। (ক) “সীমানার দাগে দাগে জমাট রক্তের দাগ—

কালনেমী করে লক্ষা ভাগ।”

— কবি কে? উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো।

১+৪

অথবা

(খ) “বাংলা ভাষাই আমার একমাত্র দেশ।” — কবি কে? উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো।

১+৪

৭। (ক) “সাদা জ্যোৎস্নায় এমন এক শিশুর মতো যুবকটিকে নিয়ে কেবল খেলা করে বেড়াতে ইচ্ছে হচ্ছে।” — ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাস থেকে উদ্ধৃত এই বাক্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৫

অথবা

(খ) ‘করুণ কন্যা’ গল্পে অরুক্ষতী চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা

(গ) “তোমরা যে সব বুড়ো খোকা

ভারত ভেঙে ভাগ করো।” — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৫

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও—

১×১৫

(ক) ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসে ঠাকুরবাড়ির ক্ষেতের পাহারাদার কে ছিল?

(খ) বেকার যুবক রঞ্জিত কাকে ভালোবেসে গ্রাম থেকে বিতাড়িত হয়?

(গ) ধলাকর্তার প্রকৃত নাম কী?

(ঘ) ফেলু শেখের স্বভাবে কী দোষ ছিল?

(ঙ) ‘রাজা যায় রাজা আসে’ গল্পে বৈকুণ্ঠ সাহা কে?

(চ) ‘ছেলেমানুষী’ গল্পে চিত্রায়িত দুটি শিশু চরিত্রের নাম লেখো।

(ছ) ‘পালঙ্ক’ গল্পে পাশের গাঁয়ের মোল্লাদের বাড়িতে শেখের থিয়েটার হবে।— থিয়েটারের নাম কী?

(জ) ‘গণনায়ক’ গল্পের লেখকের নাম কী?

(ঝ) ‘জটায়ু’ গল্পের নায়িকার নাম কী?

(ঞ) ‘করুণ কন্যা’ গল্পে সুবিমলের বোনের নাম কী?

(ট) বিষ্ণু দে-র ‘জল দাগ’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঠ) “আমরা যেন বাংলাদেশের/চোখের দুটি তারা” — কোন কবিতার অংশ? কবি কে?

(ড) “আমার মুখে অন্তহীন আত্মলাঞ্ছনার স্কত” — কোন কবিতার অংশ? কবি কে?

(ঢ) নীরেন্দ্রনাথ চক্রবর্তীর ‘তোমাকে বলেছিলাম’ — কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ণ) ‘ধাত্রী’ কবিতায় ধাইমা কবির চোখে কী দিয়েছিলেন?